INDIA NON JUDICIAL

१००रु. Rs 100

भारत

एक सौ रुपया ONE HUNDRED RUPEES

Admissible under Rule ...
duly stamped under Indian Stamp
Act 1899 as amended by Act III
of 1922 and section 52 (i) of
Calcutta Improvement Act 1911
Schedule I. A. No 23

Rs. As

Stamp Duty paid under
the Indian Stamp Act as
amended by Act III of
1922.......................60 —

Additional Duty paid
under the Calcutta
Improvement Act.........74 — 4

Paid in excess.........1 — 4

Total...............135 — 8

... paid ...

... Office ... No ...

Santosh Kumar Banerji

## ৩৭১৫৷৷০ টাকার সাফ বিক্রয় কোবালা।

কোবালা গ্রহিতা

শ্রীমতী লক্ষীরাণী দেবী
স্বামী শ্রী নকুলেশ্বর চট্টোপাধ্যায়
জাতি ব্রাহ্মণ পেশা গৃহস্থালী
সাং ২১৫১ নং বিজয়গড়, যাদবপুর
থানা টালিগঞ্জ সদর, জেলা ২৪
পরগনা।

কোবালা দাতা

শ্রী সন্তোষ কুমার বন্দ্যোপাধ্যায়
পিতা ৺ শরৎ চন্দ্র বন্দ্যোপাধ্যায়
জাতি হিন্দু পেশা চাকুরী
সাং ২৬ নং বিডন স্ট্রীট,
সহর কলিকাতা।

কস্য রায়ত স্থিতিবান স্বত্বের জমি জমার সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্যঞ্চাগে, জেলা ২৪ পরগনা, পরগনা খাসপুর, থানা টালিগঞ্জ সদর, টালিগঞ্জ মিউনিসিপ্যালিটি হাল কলিকাতা কর্পোরেশান ভুক্ত মৌজা

Scanned with OKEN Scanner

2477

1e 100-
1e 35-
1e 0-8-0
135-8-0

Smt. Lakshmi Rani
Debi
2/51, Bijoygarh, Jadavpur,
Tollygunge

30.8.55.

Presented for registration at 11/40 A.M. ~~or P.M.~~ on the 1st of Sept 1955 at the office of the Sub-Registrar Alipore Sadar by Santosh Kumar Banerji Executant or claimant or attorney for ............................. under a Power of attorney No for 19 .. ..... authenticated by the Sub-Registrar of

Santosh Kumar Banerji

THE SEAL OF THE SUB-REGISTRAR, ALIPORE SADAR 24 PARGANAS

Sub-Registrar Alipore Sadar.

~~Executant~~ Santosh Kumar Banerji son of Late Sarat Chandra Banerji of 26 Beadon Street
Thana ...
District Calcutta
By caste Hindu
By profession Landholder

1955

Santosh Kumar Banerji

Rs 3214/8/- Three thousand two hundred fourteen & annas eight only ... is p... ce by ....Kamaleshwar Chatterji to ....the vendor

Ram Chandra Roy
Pleader,
Alipore.

Identified by Ram Chandra Roy
son of ...
of Pleader Judge's Court Alipore
Thana ...
District ...
By caste ...
By profession ...

Sub-Registrar Alipore
Sadar.

Scanned with OKEN Scanner

35Rs.

पैंतीस रुपया

भारत

INDIA

३५रु.

35Rs.

THIRTY FIVE RUPEES



Santosh Kumar Banerji

মৌজা বাদে রায়পুর গ্রামের সেটেলমেন্টের ২৫৯ নং খতিয়ানের ১২১ এক শত একুশ দাগের ১.৫১ এক একর একান্ন শতক বাগান জমি সহ অন্যান্য জমি মোট ৭।৩ সাত বিঘা আট কাঠা জমি বাদে রায়পুর নিবাসী সেখ মকবুল রহমান নস্করের স্বত্ব দখলী সম্পত্তি থাকে। উক্ত মকবুল রহমান নস্করের পুত্র সফিলদ্দি নস্কর তাহার পিতার নিকট উক্ত জমা জমি রেজেষ্টারি কৃত খোস কোবালা মূলে বিগত ইং ২৮।৯।২০ তারিখে খরিদ করতঃ মালিক জমিদার সেরেস্তায় নিজ নাম পত্তন করতঃ উহাতে ষোল আনা রকমে ও অন্যের বিরুদ্ধ স্বত্বে স্বত্ববান ও দখলিকার থাকাবস্থায় উক্ত খরিদা জমা জমি হইতে .৪১ একচল্লিশ শতক জমি তাহার ভ্রাতা কফিলদ্দিন নস্করের নিকট রেজেষ্টারী কৃত কোবালা মূলে বিগত ইং ২৯।৫।৪০ তারিখে বিক্রয় করিয়া দেন এবং ঐ খরিদা জমি হইতে ১২১ এক শত একুশ নং দাগের জমি হইতে .৬৬ ছয়ষট্টি শতাংশ জমি গত ইং ১।৬।৪০ তারিখে ঐ বিষণ দাস বেগিলকে উপযুক্ত পণে সাফ কোবালা মূলে বিক্রয় করিয়া দিয়া নিঃস্বত্ব হয়েন এবং বাকী ২৫৯ নং খতিয়ানের ১২১ এক শত একুশ দাগের .৮৫ পঁচাশী শতক, ২৬০ নং খতিয়ানের ১১৯ এক শত উনিশ দাগের .১৮ আঠার

1 c 100
1 c 35
1 c 0-8-0
135-8-0

2477
Sm. Lakshmi
Rani Debi
2/5L, Bijoysagar, Jadavpur
Tallygunge.

Collectorate,
Treasury.
30.8.1955.

Treasurer
30.8.55.

SUB-REGISTRAR, ALIPORE SADAR * DIST. 24 PARGANAS *

Sub-Registrar Alipore
Sadar.

8 As

INDIA

आठ आना आठ आना

भारत

EIGHT ANNAS



Santosh Kumar Banerji

আঠার শতক এবং ২৬১ নং খতিয়ানের লিখিত ১২৩ এক শত তেইশ দাগের ˙১৭ সতের শতক সর্ব্ব মোট ১˙২০ এক একর কুড়ি শতক জমি যাহা স্থানীয় মাপে কমবেশ ৩৷৷২৷৷৶০ তিন বিঘা বার কাঠা দশ ছটাক জমিতে স্বত্ববান ও দখলিকার থাকাবস্থায় ঐ সমুদয় ১˙২০ এক একর কুড়ি শতক জমি সম্পূর্ণ বিগত ইংরাজি ১৷৯৷৪১ তারিখে রেজেষ্টারি খোস কোবালা মূলে উপযুক্ত পণ গ্রহণান্তে জনৈকা শ্রীমতী বিভাবতী বসু তাঁহার সহোদর ভ্রাতা শ্রী প্রশান্ত কুমার মিত্র মহাশয়ের বেনামে বিক্রয় করিয়া দিয়া নিঃস্বত্ব ও দখল চ্যুত হয়েন ।

পরে উক্ত শ্রী প্রশান্ত কুমার মিত্র মহাশয় উক্ত শ্রীমতী বিভাবতী বসুর নির্দ্দেশ মত ও জ্ঞাতসারে উক্ত ১২১ দাগের পূর্ব্ব বিক্রীত ˙৬৬ ছয়ষট্টি শতক বাদে বাকি ˙৮৫ পঁচাশী শতক জমি হইতে ˙৬৮ আটষট্টি শতক জমি সেন্ট্রাল ল্যাণ্ড এণ্ড বিলডিং সোসাইটী লিমিটেড নামক কোম্পানীকে উপযুক্ত পণে গত ইং ২৭৷৭৷৪৩ তারিখের রেজেষ্টারি কৃত কোবালা মূলে বিক্রয় করিয়া দেন এবং মিত্র ভগ্নী উক্ত শ্রীমতী বিভাবতী বসুর বরাবর বিগত ইং ১১৷৫৷৪৪ তারিখে এক কেতা নাদাবী পত্র – ডিড অফ রেলিংকুইসমেন্ট – সম্পাদন ও

Scanned with OKEN Scanner

1e 100

1e 35

1e 0-80

135-8-0

2477

Sm. Lakshmi Rani Debi

2/51, Bijoygarh, Jadavpore, Tollygunge.

30. 8. 55.

30.8.55.

THE SUB REGISTRAR, ALIPORE SADAR, DIST. 24 PARGANAS

Sub-Registrar Alipore Sadar.

Scanned with OKEN Scanner

Santosh Kumar Banerji

সম্পাদন ও রেজেষ্টারি করিয়া দেন ।

অতঃপর উক্ত সেন্ট্রাল ল্যাণ্ড এণ্ড বিলডিং সোসাইটী লিমিটেড কোম্পানী তাহাদের উল্লিখিত খরিদা জমা জমিতে সুত্ববান ও দখলকার থাকা-বস্থায় উহা হইতে '৩৩ $\frac{১}{২}$ সাড়ে তেত্রিশ শতাংশ আমি অত্র দলিল দাতা আমাকে গত ইং ১০।৮।৪৩ তারিখে এককেতা রেজেষ্টারি কৃত কোবালা মূলে উপযুক্ত পণ বাহা গ্রহণে বিক্রয় করিয়া ঐ জমি হইতে নিঃসত্ত্ব ও দখলচ্যুত হয়েন এবং আমি অত্র দলিল দাতা খরিদ অন্তে মালেক জমিদার সরকারে নিজ নাম পত্তন ক্রমে যথারীতি খাজনাদি আদায়ে দাখিলা প্রাপ্তে ঐ খরিদা জমিতে সুত্ববান ও দখল-কার আছি এবং পরে উল্লিখিত শ্রীমতী বিভাবতী বসুর নিকট হইতে ১২১ নং এক শত একুশ দাগের তদীয় খরিদা জমির মধ্য হইতে '০৩ $\frac{১}{২}$ সাড়ে তিন শতক জমি বিগত ইংরাজি ২৩।২।৫১ তারিখে উপযুক্ত পণে সাফ কোবালা মূলে খরিদ করি যা জমিদার সরকারে অনুযায়ী নিজ নাম পত্তনে খাজনাদায়ে সুত্ববান ও দখলকার হইতেছি । প্রকাশ থাকে যে , উক্ত ইং ২৩।২।৫১ তারিখের কোবালার বয়ানে ভুল থাকায় তাহা উক্ত শ্রীমতী বিভাবতী বসুর দ্বারা ইং ১৪।৯।৫৩ তারিখের সম্পাদিত এবং ইং ১৫।৯।৫৩ তারিখের রেজেষ্টারি কৃত দলিলের দ্বারা সংশো-ধন করিয়া লইয়াছি । এইরূপ আমি উক্ত ১২১ এক শত একুশ নম্বর দাগের মোট জমির মধ্যে কৃত চিহ্নিত মতে '৩৩ $\frac{১}{২}$ শতক ও '০৩ $\frac{১}{২}$ শতক মোট '৩৭ সাঁইত্রিশ শতক আমার খরিদা জমিতে মালিক সুত্ববান ও দখলকার থাকাবস্থায় ঐ জমির মধ্য হইতে বিগত ইং ৫।১০।৫৩ তারিখে কমবেশ /২৸/২৮ দুই কাঠা তের ছটাক আটাইশ স্কোয়ার ফিট জমি শ্রী শান্তি লাল বন্দোপাধ্যায়ের স্ত্রী শ্রীমতী রেণু দেবীকে এক কেতা রেজেষ্টারি কোবালার দ্বারা বিক্রয় করিয়া দিই এবং পরে ইং ৪।১২।১৯৫৩ তারিখের অপর এক কেতা রেজেষ্টারি কোবালা মূলে কম বেশ /৪।/১৪ চারি কাঠা পাঁচ ছটাক চৌদ্দ স্কোয়ার ফিট জমি শ্রী মুকুল কান্তি

Santosh Kumar Banerjee

কান্তি সরকার ও শ্রীমতী সুহাষিণী সরকারকে কোবালা করিয়া দিয়াছি। এইক্ষণ উক্ত ১২১ এক শত একুশ দাগের আমার বক্রি জমির মধ্য হইতে কমবেশ /৩।৵২ তিন কাঠা ছয় ছটাক দুই স্কোয়ার ফিট জমি অর্থের প্রয়োজন বশতঃ বিক্রয় করিবার ঘোষণা করায় অত্র কোবালা গ্রহিতা আপনি ঐ /৩।৵২ তিন কাঠা ছয় ছটাক দুই স্কোয়ার ফিট জমি বর্ত্তমান সর্ব্বোচ্চ বাজার মূল্য প্রতি কাঠা ১১০০৲ এগার শত টাকা পণে খরিদেচ্ছু হইলে আমি আপনার প্রস্তাবে স্বীকৃত ও সম্মত হইয়া আপনার নিকট হইতে গত ইং ২৪।৭।৫৫ তারিখে পণের অগ্রে বায়না বাবদ ৫০১৲ পাঁচ শত এক টাকা গ্রহণ করিয়াছি এবং অদ্য তারিখে পণের বক্রি ৩২১৪।।০ তিন হাজার দুই শত চৌদ্দ টাকা আট আনা টাকা অর্থাৎ নিম্ন তপশিল লিখিত মত পণের সম্পূর্ণ টাকা আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া নিম্নের ,ক, তপশিলে বিশদ রূপে বর্ণিত ও অত্র সমুলিত প্ল্যানের লাল রং এ রঞ্জিত কমবেশ ˙০৫২৫ শূন্য পাঁচ দুই পাঁচ শতক জমি যাহা স্থানীয় মাপে কমবেশী /৩।৵২ তিন কাঠা ছয় ছটাক দুই স্কোয়ার ফিট জমি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আপনাকে বিক্রয় করিয়া দিয়া আপনার বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা সহিও সম্পাদন করিয়া দিলাম ও বিক্রীত জমিতে দখল দিয়া দিলাম। বিক্রীত অত্র কোবালার জমি আমি কখনও অন্য কাহারও নিকট দান বিক্রয় , লীজ দ্বারা হস্তান্তর করি নাই বা কোন প্রকার মর্গেজ দ্বারা দায়াবদ্ধ করি নাই বা অন্য কাহারও সহিত বিক্রয় করিব বলিয়া কোন এগ্রিমেন্ট করি নাই। উহা সর্ব্বতো ভাবে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে এবং উহাতে আমার সম্পূর্ণ বিক্রয় যোগ্য স্বত্বাধিকার আছে। যদ্যপি উক্ত উক্তি সমূহের মধ্যে কোন উক্তি মিথ্যা প্রতিপন্ন হয় বা আমার পক্ষে কোন স্বত্বকুতা প্রকাশ পায় এবং তজ্জনিত আপনাকে কোন রূপ ক্ষতি গ্রস্থ হইতে হয় তাহা হইলে উক্ত ক্ষতি আমি পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত গনক্রমে পূরণ করিতে আইনতঃ বাধ্য রহিলাম। আরও

Santosh Kumar

আরও প্রকাশ থাকে অত্র বিক্রীত সম্পত্তি সম্বন্ধে আমার আর কোন সত্ত্বিক বা দাবী দাবনাই । এতদর্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে অত্র সাফ বিক্রয় কোবালা সহি ও সম্পাদন ও রেজেষ্টারি করিয়া দিলাম । ইতি সন ১৯৫৫ সালের ১৯শে সেপ্টেম্বর বাংলা সন ১৩৬২ সালের ২রা আশ্বিন ।

,ক, তপশিল বিক্রীত সম্পত্তির পরিচয় ।

জেলা ২৪ পরগনা পরগনা খাসপুর সবরেজেষ্টারি আলিপুর থানা সদর টালিগঞ্জ অত্র জেলা কালেক্টারির ১৫১ নং তৌজি ভুক্ত চক হাটুরিয়া অনুর্গত রেঃ সাঃ নং ৬, জেঃ এলঃ নং ৩৪ , মৌজা বাদে রায়পুর গ্রামে অবস্থিত এবং উক্ত মৌজার ২৫৭ নং খতিয়ান ভুক্ত ১২১ এক শত একুশ দাগের জমি জমার অনুর্গত উক্ত তৌজির মালিক জমিদার বালিগঞ্জ ৪৮ নং গড়িয়াহাট রোড নিবাসী শ্রীযুত রাজেন্দ্র সিং সিংহী অধীন রায়তস্থিতিবান স্বত্বের এক বন্দে কমবেশী ·০৫২৫ শূন্য পাঁচ দুই পাঁচ শতক স্থানীয় মাপে কমবেশ /৩।৶২ তিন কাঠা ছয় ছটাক দুই স্কোয়ার ফিট বাগান জমি যাহা অত্র সম্বলিত নকসায় লাল রং এ রঞ্জিত হইল এবং উহার হারাহারি খাজনা ।০ চারি আনা বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগনা র কালেক্টার বাহাদুর সেরেস্তায় দেয় হইতেছে । জমিদারের খতিয়ান নং৭৪, উক্ত বিক্রীত জমিরসত্র সহ সংলগ্ন প্ল্যান কোবালার একাংশ গন্য হইল । উক্ত জমির চৌহদ্দি ঃ-

SKBanerji

উত্তর -- ১০´ দশ ফুট প্রশস্ত প্রাইভেট রাস্তা , ঐ রাস্তার উত্তরে মুকুল কান্তি ও সুহাসিনী সরকারের পাকা বাটী ।

SKBanerji

দক্ষিণ -- আন্দাজ ১৬´ ষোল ফুট প্রশস্ত বাদে রায়পুর (~~মিউনিসিপ্যাল~~) রোড ।

পশ্চিম -- অত্র দলিলের দাতার নিজ ১২১ নং দাগের জমি ।

পূর্ব্ব -- কালিপদ সাহার পাকা বাটী ।

## পণের টাকার জায় ।

ইং ২৪।৭।৫৫ তারিখে বায়না বাবদ অগ্রিম পাওয়া --- ৫০১৲ টাকা ।

অদ্য ১০০৲ টাকার নোট ৩২ কেতায় -- ৩২০০৲
,, ১০৲ টাকার নোট ১ কেতায় --- ১০৲
,, খুচরা ------------ ৪৷৷০

৩২১৪৷৷০ টাকা

মোট -- ৩৭১৫৷৷০ টাকা মাত্র

সং তিন হাজার সাত শত পোনের টাকা আট আনা মাত্র পাইলাম।

Santosh Kumar Banerji

ইসাদি

Probodh Chandra Ghosh
[illegible]
19.7.55

Satish Chandra Das
20/2A Chetlahat Road

Ram Chandra [illegible]
Pleader.
19.9.55

টাইপকারক
শ্রী [illegible]
শিয়ালদহ সিভিল কোর্ট
কলিকাতা

SEAL OF THE ASSESSOR
CORPORATION OF CALCUTTA.

THE SEAL OF THE SUB-REGISTRAR, ALIPORE SADAR, DIST. 24 PARGANAS

Sub-Registrar Alipore
Sadar.


N=181

Book No. I
Volume No. 112
Pages 208 to 212
Being No. 6971
for the Year 1955


THE SEAL OF THE SUB-REGISTRAR, ALIPORE SADAR, DIST. 24 PARGANAS.

Sub-Registrar Alipore
Sadar.
22.9.55.

PLAN OF A PORTION OF
DAG NO. 121, KHATIAN NO 259
MOUJA BADE RAIPUR, THANA
TOLLY GUNGE, DIST. 24 PARGANAS
SCALE 20'FT ≈ 1" INCH




SURVEYOR




Plan attached to
Book No. I
Volume No. 11
Pages 203 to 209
Being No. 6977
for the Year 1965